3 JAN 2017
8 6

সংবাদ

# নবম-দশম শ্রেণীর জন্য ই-লার্নিং ও ই-ম্যানুয়াল চালু হচ্ছে

নিজস্ব বার্তা পরিবেশক

নবম ও দশম শ্রেণীর জন্য প্রথমবারের মতো উন্নয়নকৃত ই-লার্নিং ও ই-ম্যানুয়েল কনটেন্ট চালু হচ্ছে আজ। এর মাধ্যমে শিক্ষার্থীরা অনলাইনে নিজেদের পাঠ নিতে পারবে এবং শিক্ষকরাও পাঠদানের জন্য পরিপূর্ণ একটি গাইডলাইন পাবেন ডিজিটাল মাধ্যমে। টিচিং কোয়ালিটি ইম্প্রুভমেন্ট-২ প্রকল্পের আওতায় এথিকস অ্যাডভান্সড টেকনোলজি লিমিটেড (ইএটিএল) কারিগরি সহযোগিতায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সামগ্রিক নির্দেশনা ও তত্ত্বাবধানে এসব কনটেন্ট তৈরি করা হয়েছে। গতকাল রাজধানীর একটি হোটেলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ডিজিটাল বই উদ্বোধনকালে এ তথ্য জানান।